

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
উন্নয়ন সমন্বয় শাখা
www.cabinet.gov.bd

বিষয়: জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশলের কর্মপরিকল্পনা প্রণয়ন উপকমিটির দ্বিতীয় সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব এন এম জিয়াউল আলম, সচিব (সমন্বয় ও সংস্কার)
সভার তারিখ : ২২ আগস্ট ২০১৬
সময় : বিকাল ৩.৩০ ঘটিকা
সভার স্থান : মন্ত্রিপরিষদ বিভাগের সম্মেলন কক্ষ (কক্ষ নং ২২, ভবন নং ২), মন্ত্রিপরিষদ বিভাগ

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা: **পরিশিষ্ট-ক** সংযুক্ত।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জানান জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনা প্রণয়ন করা এ উপ-কমিটির মূল দায়িত্ব। উপকমিটির প্রথম সভায় কর্মপরিকল্পনা প্রণয়নের জন্য একটি ছক চূড়ান্ত করা হয়েছে; এবং ছক মোতাবেক প্রথম পর্যায়ে পাঁচটি ক্লাস্টার সমন্বয়ক মন্ত্রণালয়ের কর্ম-পরিকল্পনা প্রণয়নের সিদ্ধান্ত ছিল। সে মোতাবেক কর্মপরিকল্পনা প্রণয়ন অগ্রগতি সভায় উপস্থাপন করার জন্য তিনি সোসাল সিকিউরিটি পলিসি সাপোর্ট (এসএসপিএস) প্রোগ্রামের জাতীয় প্রকল্প পরিচালক জনাব ফয়জুল ইসলামকে অনুরোধ করেন।

০২। জনাব ফয়জুল ইসলাম জানান প্রথম সভার সিদ্ধান্ত অনুযায়ী ক্লাস্টার সমন্বয়ক মন্ত্রণালয়, যথা সমাজ কল্যাণ মন্ত্রণালয়, খাদ্য মন্ত্রণালয়, ব্যংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে NSSS কর্মপরিকল্পনা প্রণয়ন বিষয়ে অর্ধ দিবসব্যাপী পাঁচটি পৃথক কর্মশালা আয়োজন করা হয়। সমাজকল্যাণ মন্ত্রণালয়ের কর্মপরিকল্পনা প্রণয়নের নিমিত্ত সমাজ সেবা অধিদপ্তরের কর্মকর্তাগণের অংশগ্রহণে আরও চারদিনব্যাপী নিবিড় কর্মশালা আয়োজন করা হয়েছিল মর্মে তিনি অবহিত করেন। মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তরের কর্মশালায় (এসএসপিএস) প্রোগ্রামের পক্ষ থেকে কারিগরি এবং অন্যান্য সহযোগিতা প্রদান করা হয়েছিল।

০৩। জনাব ফয়জুল ইসলাম আরও জানান কর্মশালা শেষে মন্ত্রণালয়/বিভাগসমূহ ১৫ জুলাই ২০১৬ তারিখের মধ্যে তাঁদের কর্মপরিকল্পনা প্রণয়ন সম্পন্ন করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করবে মর্মে প্রতিশ্রুতি প্রদান করেছিল। পাঁচটি মন্ত্রণালয়/বিভাগ যথাসময়ে তাঁদের কর্মপরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করেছে মর্মে তিনি জানান। অতঃপর জনাব ফয়জুল ইসলাম পাঁচটি মন্ত্রণালয়ের প্রস্তুতকৃত NSSS কর্মপরিকল্পনার বিশেষ অংশাবলি প্রজেক্টরের মাধ্যমে উপস্থাপন করেন। উপস্থাপনা শেষে সভার সদস্যবৃন্দ কর্মপরিকল্পনাসমূহের ওপর আলোচনা করেন।

০৪। সদস্যগণ অভিমত ব্যক্ত করেন যে উপস্থাপিত কর্মপরিকল্পনাসমূহ চাহিদা মোতাবেক যথাযথভাবে প্রণয়নের চেষ্টা করা হয়েছে। তবে কয়েকটি কর্মপরিকল্পনায় কিছুটা অসঙ্গতি এবং তথ্য ঘাটতি পরিলক্ষিত হয়েছে মর্মে সদস্যগণ জানান। এ বিচ্যুতিসমূহ পরিহার করে প্রয়োজনীয় তথ্যাদি সন্নিবেশ করা হলে

কর্মপরিকল্পনাসমূহ ব্যবহারযোগ্য হয়ে উঠবে মর্মে সভায় আলোচনা হয়। সুতরাং সভার আলোচনা অনুযায়ী কর্মপরিকল্পনাসমূহ সংশোধনপূর্বক যথাশীঘ্র মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করার জন্য মন্ত্রণালয়/বিভাগসমূহকে সভাপতি অনুরোধ করেন।

০৫। সভায় আলোচনা হয় যে, সমাজকল্যাণ মন্ত্রণালয়ের কর্মপরিকল্পনাসমূহ সবচেয়ে নিখুঁত হয়েছে। সমাজকল্যাণ মন্ত্রণালয়ের প্রণীত কর্মপরিকল্পনাসমূহের আদলে অন্যান্য মন্ত্রণালয় তাঁদের কর্মপরিকল্পনা প্রস্তুত করতে পারে মর্মে সভায় অভিমত প্রকাশ করা হয়। পাঁচটি ক্লাস্টারের কর্মশালায় ক্লাস্টারভুক্ত অন্যান্য মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন বিধায় ছক অনুযায়ী কর্মপরিকল্পনা প্রণয়নে তাঁদের কোন অসুবিধা হবে না মর্মে আশাবাদ ব্যক্ত করা হয়।

০৬। এসএসপিএস প্রোগ্রামের প্রকল্প পরিচালক জানান মন্ত্রণালয়/বিভাগসমূহের কর্মপরিকল্পনা প্রস্তুত সম্পন্ন হলে এগুলি একটি ছক অনুযায়ী বিন্যাস করা প্রয়োজন হবে। এ লক্ষ্যে প্রস্তুতকৃত ছকের নমুনা তিনি সভায় উপস্থাপন করেন। মন্ত্রণালয়/বিভাগসমূহের কর্মপরিকল্পনা প্রস্তুত সম্পন্ন হলে তা এ ছক অনুযায়ী দ্রুত সাজিয়ে সমন্বিত কর্মপরিকল্পনা প্রস্তুত করা যেতে পারে মর্মে সকলে অভিমত ব্যক্ত করেন।

০৭। সিদ্ধান্ত:

ক) ক্লাস্টার সমন্বয়ক মন্ত্রণালয়/বিভাগসমূহকে তাঁদের প্রস্তুতকৃত কর্মপরিকল্পনাসমূহ সভার আলোচনা মোতাবেক সংশোধনপূর্বক যথাশীঘ্র মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়;

খ) মন্ত্রিপরিষদ বিভাগের এসএসপিএস প্রোগ্রামের কর্মকর্তাগণ মন্ত্রণালয়/বিভাগসমূহের কর্মপরিকল্পনা পরিমার্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে;

গ) মন্ত্রিপরিষদ বিভাগ সামাজিক নিরাপত্তা কার্যক্রম বাস্তবায়নকারী অন্যান্য মন্ত্রণালয়/বিভাগকে নির্ধারিত ছকে তাদের NSSS কর্মপরিকল্পনা প্রণয়নের জন্য অনুরোধপূর্বক পত্র প্রেরণ করবে;

ঘ) সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগের কর্মপরিকল্পনা প্রণয়ন সম্পন্ন হলে তা উপস্থাপিত ছক মোতাবেক সংকলনের জন্য এসএসপিএস প্রোগ্রাম প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

০৮। পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

(এন এম জিয়াউল আলম)

সচিব (সমন্বয় ও সংস্কার)